DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 12:24 AM

ধর্ম

# ঝগড়া-বিবাদ ও মন্দ আচরণ থেকে বাঁচার দোয়া

প্রতিবেদক: ধর্ম ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ২২ জুলাই ২০২৬, ১১:৩৭ AM



সংগৃহীত ছবি

মানুষের ব্যক্তিগত , পারিবারিক ও সামাজিক জীবনের অধিকাংশ অশান্তির মূলেই রয়েছে ঝগড়া-বিবাদ, কপটতা এবং মন্দ আচরণ। সামান্য ভুল বোঝাবুঝি থেকে শুরু হয়ে অনেক সময় সম্পর্কের অবনতি, সামাজিক দূরত্ব এবং বিভেদ সৃষ্টি হয়।

অথচ মহানবী (সা.) আমাদের সব সময় বিবাদ-বিসংবাদ এড়িয়ে চলতে, আন্তরিকতা বজায় রাখতে এবং উত্তম চরিত্রে নিজেকে গড়ে তোলার শিক্ষা দিয়েছেন। তাইতো তিনি আমাদের এমন একটি হৃদয়স্পর্শী দোয়া শিখিয়েছেন, যাতে ঝগড়া-বিবাদ, কপটতা এবং মন্দ চরিত্র থেকে আশ্রয় প্রার্থনা করা হয়। দোয়াটি হলো-

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الشِّقَاقِ، وَالنِّفَاقِ، وَسُوءِ الْأَخْلَاقِ
উচ্চারণ : আল্লাহুম্মা ইন্নি আউদু বিকা মিনাশ-শিকাকি, ওয়ান-নিফাকি, ওয়া সুইল-আখলাক।

অর্থ : হে আল্লাহ! আমি আপনার কাছে বিবাদ (মারামারি বা ঝগড়া), কপটতা এবং খারাপ চরিত্র (মন্দ আচরণ) থেকে আশ্রয় চাই।

(আবু দাউদ, হাদিস : ১৫৪৬, নাসায়ি, হাদিস : ৫৪৭১)

---

## এ বিভাগের আরও খবর



**দাম্পত্য কলহ সমাধানে ইসলামের আটটি নির্দেশনা**
স্বামী-স্ত্রীর মধ্যে বিভিন্ন বিষয়ে মতপার্থক্য হওয়া স্বাভাবিক, যেমন অন্য মানুষের সঙ্গেও মতভেদ হয়। যদি তাঁরা ভালোবাসা, পারস্পরিক সম্মান ও প্রজ...




**ভক্তদের হৃদয়ে স্মরণীয় এক নাম আল্লামা সাঈদী**
বাংলাদেশের ইসলামি বক্তৃতার অঙ্গনে আল্লামা দেলাওয়ার হোসাইন সাঈদী ছিলেন বহুল পরিচিত একটি নাম। কোরআনের তাফসির, ইসলামি শিক্ষা ও ধর্মীয় আলোচনার...




**বন্ধু নির্বাচনে ইসলামের যে শিক্ষা জানা জরুরি**
মানুষ সামাজিক জীব। জীবনের নানা প্রয়োজনে মানুষের সঙ্গে সম্পর্ক গড়ে ওঠে। এর মধ্যে বন্ধুত্ব অন্যতম গুরুত্বপূর্ণ। একজন ভালো বন্ধু যেমন মানুষকে স...



### ঈদে মিলাদুন্নবীর তারিখ নির্ধারণে চাঁদ দেখা কমিটির সভা আজ

১৪৪৮ হিজরি সনের পবিত্র রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা এবং পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) এর তারিখ নির্ধারণের লক্ষ্যে বৃহস্পতিবার (১৩ আগস্ট) জাতীয়...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/religion/jhgda-bibad-o-mnd-achrn-theke-banchar-doja